

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
সাটুরিয়া, মানিকগঞ্জ।
www.lged.gov.bd

স্মারক নং : ৪৬.০২.৫৬৭০.০০০.১৪.০৮৭.২০২৩- ৮৫৮

তারিখঃ ০৪/১২/২০২৫ ইং

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৫-২৬ ইং

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলা পরিষদের নিম্নবর্ণিত ভবনসমূহ কনডেম ঘোষণা ও নিলামে অপসারণের জন্য বিগত ১৩/০৮/২০২৫ ইং তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, মহোদয়ের অফিস কর্তৃক স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০৭৬.২০-৬৩ এর আলোকে অনুমোদিত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ১১/১২/২০২৫ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের মিনি সভাকক্ষে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। নিলাম ডাক গ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে সকাল ৯.৩০ ঘটিকা হতে সকাল ১০.৩০ ঘটিকা পর্যন্ত উক্ত নিলামের নিরাপত্তা জামানতের টাকা জমা গ্রহণ করা হবে।

ভবন সমূহ জবা ৪নং কোয়ার্টার ভবন, পদ্মা ৫নং কোয়ার্টার ভবন, সাটুরিয়া উপজেলায় অফিসার্স ক্লাবের সিআইসিটি ভবন, উপজেলা পরিষদের পুরাতন পানির পাম্প বিল্ডিং ও পরিত্যক্ত টয়লেট ও উপজেলা পরিষদের পুরাতন হলরুম।

-ঃ শর্তাবলী :-

- ১। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গকে নগদ = ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা জামানত হিসাবে নগদ জমা দিয়ে ডাকে অংশ গ্রহণ করতে হবে।
- ২। সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। ডাকের সমুদয় অর্থ (ভ্যাট ও আয়কর) ডাক শেষ হওয়ার ২ কর্মদিবসের মধ্যে সরকারী কোষাগারে জমাদান পূর্বক চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।
- ৩। সর্বোচ্চ নিলাম ডাককারী ব্যক্তিকে ক্রয়কৃত পুরাতন ভবনের উপর ১৫% ভ্যাট (কোড নং- ১১৪১১০১) এবং ৫% আয়কর (কোড নং- ১১১১১০১) ট্রেজারি চালানোর মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ৪। কার্যাদেশ প্রদানের ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিলাম ক্রেতাকে নিজ খরচে উক্ত ভবনসমূহ অপসারণ করতে হবে। অন্যথায়, নিলাম বাজেয়াপ্ত করণসহ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে। উক্ত ভবনসমূহ অপসারণের সময় যানমালের কোন প্রকার ক্ষতি হলে তার দায় দায়িত্ব নিলাম ডাককারীকে বহন করতে হবে।
- ৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম ডাক গ্রহণ বা বাতিল বা সম্পূর্ণ নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, নিলাম ডাকে সর্বোচ্চ ডাককারীর কোন কার্যক্রমে নিলাম প্রক্রিয়া প্রশ্নবিদ্ধ হলে কর্তৃপক্ষ নিলাম প্রক্রিয়া বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন।

ইমরুল হাসান
৪/১২/২০২৫
(মোঃ ইমরুল হাসান)

সদস্য সচিব
নিলাম ডাক কমিটি

ও
উপজেলা প্রকৌশলী
এলজিইডি
সাটুরিয়া, মানিকগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।
- ৩। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।
- ৪। চেয়ারম্যান..... ইউপি (সকল), সাটুরিয়া, মানিকগঞ্জ, (নিজ নিজ ইউনিয়নে বহুল প্রচারের অনুরোধসহ)।
- ৫। সম্পাদক,। (তার বহুল প্রকাশিত দৈনিক পত্রিকায় স্বল্প পরিসরে ০৮/১২/২০২৫ ইং তারিখের মধ্যে ১দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
- ৬। নোটিশ বোর্ড।

Li/nilam notice/p-30